

দ্বিতীয় দিনেও প্রাথমিক শিক্ষকদের কর্মবিরতি

■ সমকাল প্রতিবেদক

১২ দফা দাবি আদায়ে সারাদেশে তিন দিনের এক ঘণ্টার কর্মবিরতি পালনের দ্বিতীয় দিন পার করে করছেন প্রাথমিক শিক্ষকরা। বাংলাদেশ প্রাথমিক সহকারী শিক্ষক সমাজ-এর বানারে এ কর্মসূচি পালিত হচ্ছে। গতকাল শনিবার সারাদেশের সব প্রাথমিক বিদ্যালয়ে সকাল ১০টা থেকে বেলা ১১টা পর্যন্ত এক ঘণ্টা কর্মবিরতি পালিত হয়।

বাংলাদেশ প্রাথমিক সহকারী শিক্ষক সমাজের সভাপতি শাহিনুর আল-আমিন ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক হালিমুজ্জামান গতকাল এক বিবৃতিতে বলেন, সহকারী শিক্ষকদের ১২ দফা দাবি আদায়ে চলমান আন্দোলন কর্মসূচি সফল না হওয়া পর্যন্ত সারাদেশের সহকারী শিক্ষকদের কোনো ধরনের উল্লানি বা কোনো গোষ্ঠীর বিভ্রান্তিমূলক কর্মকাণ্ডে বিভ্রান্ত না হয়ে আগামী দিনের কর্মসূচি সফল করতে হবে।

প্রাথমিক শিক্ষকদের ১২ দফা দাবির মধ্যে রয়েছে- প্রধান শিক্ষকদের এক ধাপ নিচে সহকারী শিক্ষকদের বেতন স্কেল নির্ধারণ করে উভয় পদকে একই শ্রেণীভুক্ত করা, প্রধান শিক্ষক পদে নিয়োগ বন্ধ ঘোষণা করে শতভাগ পদোন্নতি চালু, সহকারী শিক্ষক পদটিকে অ্যান্ডি পদ ধরে মহাপরিচালক পর্যন্ত প্রমোশন নীতি চালু করা ইত্যাদি।